

বেহালা পূর্ব কেন্দ্রের তৃণমূল প্রার্থী শুভাশিস চক্রবর্তী এবং বেহালা পশ্চিম কেন্দ্রের তৃণমূল প্রার্থী রত্না চ্যাটার্জির সমর্থনে জনসভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বেহালা চৌরাস্তায়, শনিবার। ছবি: আজকাল

# ডায়মন্ড হারবারে এএসপি, এসডিপিও-সহ ৫ পুলিশ আধিকারিককে সাসপেন্ড করল কমিশন

**আজকালের প্রতিবেদন**

দ্বিতীয় দফা ভোটের আগে ডায়মন্ড হারবারের অতিরিক্ত পুলিশ সুপার, মহকুমা পুলিশ আধিকারিক (এসডিপিও)-সহ দু'জন আইসি ও একজন ওসিকে সাসপেন্ড করল নির্বাচন কমিশন। সেই সঙ্গে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক পদক্ষেপ করতে মুখ্যসচিবকে শুক্রবার চিঠি দেয় নির্বাচন কমিশন। শনিবারের মধ্যে এই নির্দেশ কার্যকর করার কথাও বলেছে কমিশন। যেসব পুলিশ আধিকারিকদের সাসপেন্ড করা হয়েছে তাঁরা হলেন— ডায়মন্ড হারবার জেলার অতিরিক্ত পুলিশ সুপার সন্দীপ গড়াই, এসডিপিও সজল মণ্ডল, ডায়মন্ড হারবার থানার আইসি মৌসম চক্রবর্তী, ফলতা থানার আইসি অজয় বাগ এবং উস্তি থানার ওসি শুভেচ্ছা বাগ। পাশাপাশি, নিজের অধীনস্থ অফিসারদের ঠিক ভাবে নিয়ন্ত্রণ করতে না পারার জন্য ডায়মন্ড হারবারের পুলিশ সুপার ঈশানী পালকে সতর্ক করেছে কমিশন।

কেন এই পুলিশ আধিকারিকদের সাসপেন্ড করা হল? কমিশনের তরফে মুখ্যসচিবকে লেখা চিঠিতে উল্লেখ করা হয়েছে, এই পুলিশ আধিকারিকরা বিধানসভা ভোটের আগে আচরণবিধি লঙ্ঘন করেছেন এবং নিরপেক্ষতা বজায় রাখতে পারেননি। প্রসঙ্গত উল্লেখ্য, শুক্রবার উত্তর ২৪ পরগনার হিঙ্গলগঞ্জে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের জনসভা ছিল। তার আগেই হিঙ্গলগঞ্জ থানার ওসি সন্দীপ সরকারকে সাসপেন্ড করে বিভাগীয় তদন্ত শুরুর নির্দেশ দেয় নির্বাচন কমিশন। ডায়মন্ড হারবারের পাঁচ পুলিশ আধিকারিককে সাসপেন্ড করা প্রসঙ্গে তৃণমূল নেতা অরূপ চক্রবর্তী বলেন, 'অভিষেক ব্যানার্জির সভায় যেন মানুষ যেতে না পারেন তার জন্য পুলিশকে আটকাতে বলা হয়েছিল। পুলিশ কী করবে, অভিষেক ব্যানার্জিকে দেখার জন্য মানুষের মধ্যে স্বতঃস্ফূর্ত উচ্ছ্বাস আছে। সেই কারণে দিল্লির জমিদারদের গাত্রদাহ হয়েছে। তাই পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে এমন শাস্তির নির্দেশ দিল। আপনি অ্যাকশন নিন না। ২৯ তারিখ পর্যন্ত আপনারা অ্যাকশন নেবেন। তারপর ৪ তারিখ বাংলার মানুষ অ্যাকশন নেবে এই কৃতদাস কমিশনের বিরুদ্ধে।'



দমদমের তৃণমূল প্রার্থী ব্রাত্য বসুর রোড-শো। রয়েছেন সাংসদ সৌগত রায়, দমদমের পুরপ্রধান হরিন্দর সিং। শনিবার। ছবি: ভবতোষ চক্রবর্তী

# ব্যবসায়ীর বাড়িতে চুরি, বিহারে ধৃত পরিচারক

**আজকালের প্রতিবেদন**

বালিগঞ্জের এক ব্যবসায়ীর বাড়িতে চুরি হয়েছিল। সেই ঘটনায় বিহারে অভিযান চালিয়ে অভিযুক্ত পরিচারককে গ্রেপ্তার করল লালবাজারের গোয়েন্দা বিভাগ।

ধৃতের নাম সুনীল যাদব। তার কাছ থেকে উদ্ধার হয়েছে প্রায় এক কোটি টাকা মূল্যের সোনার গয়না। সেগুলি বাড়ির পাশের একটি খেতে মাটির নীচে পুঁতে রাখা ছিল। পুলিশ জানিয়েছে, চুরির নগদ টাকা দিয়ে একটি নতুন বাইক কিনে এলাকায় ঘুরে বেড়াচ্ছিল সুনীল।

দক্ষিণ কলকাতার আশুতোষ চৌধুরি অ্যাভিনিউয়ের এক ব্যবসায়ীর বাড়িতে গত ৬ মাস ধরে পরিচারকের কাজ করছিল সুনীল। তবে ওই পরিবারের কাছে তার সঠিক ঠিকানা ছিল না। ৯ এপ্রিল আলমারি থেকে কোটি টাকার গয়না ও নগদ ৪০ হাজার টাকা নিয়ে চম্পট দেয় সুনীল। তদন্তে নেমে লালবাজারের গোয়েন্দা বিভাগের চুরি

## মাটি খুঁড়ে উদ্ধার কোটি টাকার গয়না

দমন শাখার আধিকারিকরা অভিযুক্তের মোবাইল কললিস্ট খতিয়ে দেখতে শুরু করেন।

জানা যায়, সুনীলের একাধিক বান্ধবীর সঙ্গে যোগাযোগ রয়েছে। চুরির পর সে সিমকার্ড পাল্টে ফেললেও বান্ধবীদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন করেনি। এই সূত্র ধরেই গোয়েন্দারা বিহারের বাঁকা জেলায় পৌঁছান। সেখানে গিয়ে পুলিশ জানতে পারে, সুনীল চুরির টাকা দিয়ে একটি বাইক কিনেছে এবং সেটি নিয়ে নদীর বাঁধে ঘুরতে গেছে। তাকে ধরতে গোয়েন্দারা পর্যটকের ছদ্মবেশে নদীর বাঁধে হানা দিয়ে তাকে গ্রেপ্তার করেন। জেরা করে আরও জানা গেছে, উদ্ধার হওয়া গয়নার কিছু অংশ সে তার বান্ধবীদের উপহার দেওয়ার পরিকল্পনা করেছিল। কিন্তু সেই পরিকল্পনা আর সফল হল না।

# কালীঘাট থানার ওসি বদল

**আজকালের প্রতিবেদন**

কালিঘাট থানার ওসি, অতিরিক্ত ওসি-সহ কলকাতা পুলিশে কয়েকটি রদবদল করল নির্বাচন কমিশন। শনিবার এক নির্দেশিকায় কালীঘাট থানার ওসি উৎপলকুমার ঘোষকে সরিয়ে দেওয়া হয়েছে। তাঁর জায়গায় দায়িত্ব দেওয়া হয়েছে স্পেশাল ব্রাঞ্চের ইনস্পেক্টর গৌতম দাসকে। কালিঘাট থানার অতিরিক্ত ওসি হয়েছেন উত্তমকুমার পাইক। তিনিও স্পেশাল ব্রাঞ্চে ছিলেন। আলিপুর থানার ওসি করা হয়েছে সুব্রত পান্ডেকে। তিনি সাউথ ডিশিশনের ইনস্পেক্টর ছিলেন। আলিপুর থানার অতিরিক্ত ওসি ইনস্পেক্টর চামেলি মুখার্জিকে উল্টোডাঙা উইমেন থানার ওসি পদের দায়িত্ব দেওয়া হয়েছে।



রাসবিহারী বিধানসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী দেবাশিস কুমারের প্রচারসভায় মন্ত্রী অরূপ বিশ্বাস। রয়েছেন ৯৩ ওয়ার্ডের কাউন্সিলর মৌসুমী দাস। শনিবার। ছবি : আজকাল



বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে নির্বাচনী প্রচারে তৃণমূল কংগ্রেস প্রার্থী, মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। শনিবার। ছবি: আজকাল



ভোটপ্রচারে শ্যামপুকুর বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী, মন্ত্রী ডাঃ শশী পাঁজা। শনিবার। ছবি: আজকাল

# কাপড় শুকোতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত ১

**আজকালের প্রতিবেদন**

ভিজে কাপড় শুকোতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল এক ব্যক্তির। গুরুতর জখম অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন আরও একজন। শনিবার সকালে ঘটনাটি ঘটেছে একবালপুর থানা এলাকায়। মৃতের নাম শিবশরণ প্রসাদ সাউ (৫১)। আহতের নাম দেব সোরেন সাউ (৪৫)। তাঁরা দু'জনেই ভূকৈলাস রোডের একই বাড়ির বাসিন্দা।

এদিন সকাল সোয়া ৭টা নাগাদ বাড়ির ছাদের নির্দিষ্ট জায়গায় ভিজে কাপড় শুকোতে গিয়েছিলেন শিব ও দেব। সে সময় অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্ট হন দু'জনেই। তাঁদের এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা শিবশরণ প্রসাদ সাউকে মৃত ঘোষণা করেন। তদন্তে নেমে পুলিশ জানতে পেরেছে, ওই বাড়ির ব্যক্তিগত ইলেকট্রিক মিটারে যান্ত্রিক ত্রুটি ছিল। সেই কারণেই বিদ্যুৎ বিভ্রাট হয়ে এই বিপত্তি ঘটে। খবর পেয়ে সিইএসসি-র আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি খতিয়ে দেখেন ও যান্ত্রিক ত্রুটি মেরামতের ব্যবস্থা করেন।


পঞ্জাব নৈশনল বৈঁক (भारत सरकार का उपक्रम) | pnb | punjab national bank (Govt. of India Undertaking)

**সার্কল অফিস: পশ্চিম মেদিনীপুর**
বিই-১, বিধান নগর ইস্ট, রেলওয়ে স্টেশন রোড, মেদিনীপুর, পিন-৭২১১০১, পশ্চিমবঙ্গ
ফোন: ৯৭৭১৪ ৯১২০৩ / ৮৯০০০ ১৯০৩৩
ই-মেল: cs8294@pnb.bank.in

**২৬৫.০৫.২০২৬ তারিখের ই-নিলাম**

অ্যানেক্সার-'বি'

## স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে'** এবং **'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

## সুরক্ষিত পরিসম্পদের বিবরণ

| ক্রম নং | শাখার নাম (সল আইডি) / অ্যাকাউন্টের নাম / ঋণগ্রহীতা/ জামিনদারের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা | বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতাগণ] | ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) বকেয়া অর্থাঙ্ক গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ ঘ) দখলের ধরন (প্রতীকী/ বাস্তবিক/ গঠনমূলক) | ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকায়) খ) ইএমডি (লক্ষ টাকায়) গ) বিড বাড়ানোর মূল্য (লক্ষ টাকায়) | ই-নিলামের তারিখ ও সময় / সম্পত্তির ওপর সুরক্ষিত ঋণদাতার জানা দায়ের বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | **ঘাটাল (সল আইডি: ০১৮১২০) এবং দাসপুর (সল আইডি: ০১৮৮২০)** / **মেসার্স মীরা বিল্ডারস** **প্রোপ্রাইটর: শ্রী গণেশ চন্দ্র জানা** অ্যাকাউন্ট নং: ৭৬৭২০০কেইউ০০০০১৩০২ (সিসিজিসিসি) এবং ০১৮৮২৫০০২৪৮৭৯ (সিসি) গ্রাম- বেলিয়াঘাটা, পোঃঅঃ- দাসপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১২১১ / **জামিনদারগণ:** **(১) শ্রী রামপদ জানা,** পিতা- প্রয়াত গোপাল জানা **(২) শ্রীমতী সুলতা জানা,** স্বামী- শ্রী গণেশ জানা উভয়ের ঠিকানা: গ্রাম- বেলিয়াঘাটা, পোঃঅঃ- দাসপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১২১১ **প্রপার্টি আইডি: PUNBGHATMIRAB** | নিম্নোক্ত ১৩ ডেসিমেল বাস্তু জমি ও এর উপরিস্থিত বাড়ির সমবন্ধক যার অবস্থান: মৌজা- বেলিয়াঘাটা, আর এস এবং এল আর প্লট নং ৬৮৭, আর এস খতিয়ান নং ১১১, পরিমার্জিত এল আর খতিয়ান নং ৩৮৭, জে এল নং ৫৬, দাসপুর গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা- দাসপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর, এসআরও অফিস- দাসপুর, পশ্চিম মেদিনীপুরে রেজিস্টার্ড ০২.০৭.১৯৭৬ তারিখের বিক্রয় দলিল নং I-৬৬৬৭ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক শ্রী রামপদ জানা, পিতা- প্রয়াত গোপাল জানা। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- চলাচলের সাধারণ পরিসর; দক্ষিণ- শ্রী রামপদ জানার পুকুর; পূর্ব- বিশ্বনাথ মিদ্যার বাড়ি; পশ্চিম- শ্রী রামপদ জানার জমি। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ১৪.০৫.২০১৯ খ) ₹১৬,৮৬,০৭২.৬৮ (ষোল লক্ষ ছিয়াশি হাজার বাহাত্তর টাকা এবং আটষট্টি পয়সা মাত্র) + আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে ০১.০৫.২০১৯ থেকে সুদ ও অন্যান্য চার্জ গ) ২৬.০৮.২০১৯ ঘ) প্রতীকী দখল | ক) ₹৩৭.৭২ লক্ষ খ) ₹৩.৭৮ লক্ষ গ) ₹০.১০ লক্ষ | ২৬.০৫.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে / ডিআরটি-II, কলকাতা সমীপে এসএ নং ৩৬৮/২০২৩ মীমাংসাধীন |
| ২ | **মেদিনীপুর (সল আইডি: ০৩৫০০০)** / **(১) রীতেশ দাস, (২) দোলা দাস** / **(১) রীতেশ দাস,** পিতা- বিশ্বনাথ দাস **(২) শ্রীমতী দোলা দাস,** স্বামী- শ্রী রীতেশ দাস **৩) মাস্টার সার্থক দাস** **অ্যাকাউন্ট নং: ০৩৫০০০এনসি০০৩৩২১৫ (টি/এল) এবং ০৩৫০০০এনসি০০৩৩০৪৮ (টি/এল)** সকলের ঠিকানা: বক্সীবাজার, পোঃঅঃ- মেদিনীপুর, থানা- কোতোয়ালি, জেলা- পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন-৭২১১০১ | সামান্য কমবেশি ০.০০৪৭৪ একর জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত 'মা বাসন্তী আবাসন' নামক জি+৪ তলবিশিষ্ট বিল্ডিং/ অ্যাপার্টমেন্টের ৪ নং ফ্লোরে সামান্য কমবেশি ৬১৭ বর্গফুট কভার্ড এরিয়া এবং ৭৪০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নং 'ডি'-এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- বিবিগঞ্জ, জে এল নং ১৮০, আর এস প্লট নং ১৮৩১ (অংশ), ১৮৩২/২৬২৬ (অংশ), এল আর প্লট নং ২৫১৬ (অংশ), ২৫২০ (অংশ) ও ২৫২২ (অংশ), ০৯.০৭.২০১৮ তারিখের বিক্রয় দলিল নং ২১৭৪ অনুযায়ী সম্পত্তির যৌথ স্বত্বাধিকারী রীতেশ দাস, পিতা- বিশ্বনাথ দাস এবং শ্রীমতী দোলা দাস, স্বামী- রীতেশ দাস। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- শ্রী মনোরঞ্জন পাইনের দোতলা বাড়ি এবং যৌথ ব্যবহার্য সিঁড়ি ও লিফ্ট; দক্ষিণ- ফ্ল্যাট নং 'সি'; পূর্ব- রাস্তা; পশ্চিম- ভোলা আঢ্যের দোতলা বাড়ি। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ৩১.১০.২০২৩ খ) ₹২৬,০১,৫৪৫.৬০ (ছাব্বিশ লক্ষ এক হাজার পাঁচশো পঁয়তাল্লিশ টাকা এবং ষাট পয়সা মাত্র), তৎসহ ৩১.০৭.২০২৩ থেকে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ গ) ১৭.০৫.২০২৪ ঘ) প্রতীকী দখল | ক) ₹১৯.৯১ লক্ষ খ)₹১.৯৯ লক্ষ গ) ₹০.০২ লক্ষ | ২৬.০৫.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে / ব্যাঙ্কের জানা নেই |
| ৩ | **সিপাই বাজার (সল আইডি: ০৭৮৮২০)** / **মিসেস শ্রাবণী দণ্ডপাট** / **মিসেস শ্রাবণী দণ্ডপাট** স্বামী- শ্রী শ্যামল দণ্ডপাট সি/৬, হেমনগর (কেরাণিটোলা), পোঃঅঃ ও থানা- মেদিনীপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১১০১ **অ্যাকাউন্ট নং: ০৭৮৮৩০০১৩৮৮৪০ (টিএল)** **জামিনদার: মিঃ শ্যামল দণ্ডপাট** পিতা- মিঃ পাঁচুগোপাল দণ্ডপাট সি/৬, হেমনগর (কেরাণিটোলা), পোঃঅঃ ও থানা- মেদিনীপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১১০১ **প্রপার্টি আইডি: PUNBSEPOYSRABANI** | নিম্নোক্ত ফ্ল্যাটের সমবন্ধক যার অবস্থান: ইন্দিরা পল্লী, ইন্দিরা অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং এ১, দ্বিতীয় তল (ফার্স্ট ফ্লোর), জেলা- বীরভূম, থানা এবং পোঃঅঃ- বোলপুর, জে এল নং ১০০, মৌজা- বাঁধগড়া, এল আর খতিয়ান নং ৮৮৬৬, আর এস প্লট নং ২৮৬, এল আর প্লট নং ৪২৪, বিল্ডিংয়ের নিম্নস্থিত জমিটি বাস্তু শ্রেণিভুক্ত এবং এর পরিমাপ ১১১০৮ বর্গফুট, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৯১, ইন্দিরা পল্লী, ওয়ার্ড নং ১৭, বোলপুর পুরসভা, ফ্ল্যাটের সুপার বিল্ট আপ এরিয়া ১০৬২ বর্গফুট। বিক্রয় দলিল নং I-৬৪২৫/২০১৩ অনুসারে। তৎসহ দ্বিতীয় তফসিলে বর্ণিত ও নির্মিত 'ইন্দিরা অ্যাপার্টমেন্ট' নামক বিল্ডিংয়ের 'বি' ব্লকের প্রথম তলে (গ্রাউন্ড ফ্লোর) যৌথ এলাকা সমেত ২২৯ বর্গফুট মাপের একটি চার-চাকা গাড়ি রাখার পার্কিং স্পেস। যৌথ এলাকার মধ্যে অন্তর্ভুক্ত: (১) গাড়ির ড্রাইভওয়ে ব্যবহার, (২) বৈদ্যুতিক ওয়ারিং/ ফিটিং ও যৌথ এলাকায় আলোকিতকরণের অন্যান্য আনুষঙ্গিক উপকরণ, (৩) প্রেমিসেসের প্রধান ফটক ও অন্যান্য প্রবেশদ্বার, অবস্থান: জেলা- বীরভূম, থানা ও পোঃঅঃ- বোলপুর, মহকুমা এবং এডিএসআর- বোলপুর, জে এল নং ১০০, মৌজা- বাঁধগড়া, এল আর খতিয়ান নং ৮৮৬৬, আর এস প্লট নং ২৮৬, এল আর প্লট নং ৪২৪, প্রকৃতি- বাস্তু, মোট জমি ২৫.৫০ ডেসিমেল। বিক্রয় দলিল নং I-৬৪২৩/২০১৩ অনুসারে সবকিছুর মালিকানা শ্রাবণী দণ্ডপাট, স্বামী- শ্যামল দণ্ডপাট-এর নামে। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ২৭.০৫.২০২৪ এবং ০২.০৯.২০২৪ খ) ₹৫,২৭,৮১১.৩১ (পাঁচ লক্ষ সাতাশ হাজার আটশো এগারো টাকা এবং একত্রিশ পয়সা মাত্র) + আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে ০১.০৫.২০২২ থেকে সুদ ও অন্যান্য চার্জ গ) ০২.০৮.২০২৪ এবং ১৩.১২.২০২৪ ঘ) প্রতীকী দখল | ক) ₹১৯,৫৬,০০০.০০ খ) ₹১.৯৬ লক্ষ গ) ₹০.১০ লক্ষ | ২৬.০৫.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে / ব্যাঙ্কের জানা নেই |
| ৪ | **মেদিনীপুর (সল আইডি: ০১৮০২০)** / **রিয়াজুল মল্লিক,** পিতা- গোলাম নবি মল্লিক / **(১) রিয়াজুল মল্লিক (ঋণগ্রহীতা/ বন্ধকদাতা)** পিতা- গোলাম নবি মল্লিক **(২) সেলিমা খাতুন (সহ-ঋণগ্রহীতা)** স্বামী- রিয়াজুল মল্লিক উভয়ের ঠিকানা: গোপীনাথবাটি, পোঃঅঃ- কলাগ্রাম, থানা- কেশপুর, পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১১৫০ | নিম্নোক্ত জমি ও বাড়ির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা- গোপীনাথবাটি, জে এল নং ২৮৯, এল আর খতিয়ান নং ৪০৯, এল আর প্লট নং ১২২, মোট জমি ৩ ডেসিমেল, থানা- কেশপুর, এডিএসআর- আনন্দপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর। ১৯.০২.২০২০ তারিখের দলিল নং I-০৫৮২ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক শ্রী রিয়াজুল মল্লিক। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- আবজল মল্লিকের ফাঁকা জমি; দক্ষিণ- রাস্তা; পূর্ব- গোলাম নবি মল্লিকের জমি; পশ্চিম- গোলাম নবি মল্লিকের জমি। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ৩০.০৭.২০২৫ খ) ₹১৩,৪৯,১৭৮.৬২ (তেরো লক্ষ উনপঞ্চাশ হাজার একশো আটাত্তর টাকা এবং বাষট্টি পয়সা মাত্র) + ৩০.০৬.২০২৫ থেকে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে থেকে সুদ, পেনাল চার্জ ও অন্যান্য খরচাপাতি গ) ১২.১১.২০২৫ ঘ) প্রতীকী দখল | ক) ₹১৮,৪৭,০০০.০০ খ) ₹১.৮৫ লক্ষ গ) ₹০.০২ লক্ষ | ২৬.০৫.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে / ব্যাঙ্কের জানা নেই |

### -: ই-নিলাম বিক্রির শর্ত ও নিয়মাবলি :-

এই বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত অতিরিক্ত শর্তসাপেক্ষে আয়োজিত হবে:

১. এই নিলাম 'অনলাইন ই-নিলাম' পদ্ধতিতে **https://baanknet.com** পোর্টালের মাধ্যমে আয়োজিত হবে।
২. আগ্রহী বিডারগণ/ক্রেতাদের অনুরোধ করা হচ্ছে যাতে তাঁরা নিজেদের মোবাইল নম্বর এবং ই-মেল আইডি ব্যবহার করে **https://baanknet.com** পোর্টালে রেজিস্টার করেন। ই-কেওয়াইসির কাজটি ডিজিলকারের মাধ্যমে করতে হবে। ই-কেওয়াইসি হয়ে গেলে আগ্রহী বিডার/ক্রেতারা প্রয়োজনীয় ইএমডি অর্থাঙ্ক চালান মোডের জন্য অনলাইন পেমেন্ট কাজে লাগিয়ে তাঁদের ই-ওয়ালেটে স্থানান্তর করে দেবেন। ইএমডি জমার শেষ তারিখ ও সময়ের আগেই ওই পোর্টালে সম্পত্তির সঙ্গে ইএমডি অর্থাঙ্ক যুক্ত হতে হবে। ইএমডি জমা শেষের তারিখ ও সময়/ নিলামের আগে যথেষ্ট সময় হাতে থাকতেই রেজিস্ট্রেশন, ই-কেওয়াইসি যাচাই, ওয়ালেটে ইএমডি স্থানান্তর ইত্যাদি কার্যাবলি সম্পন্ন করে রাখতে হবে।
৩. ওপরে উল্লিখিত বায়না জমা (ইএমডি) অর্থাঙ্ক ই-ওয়ালেটে জমা দেওয়ার পরে তা সম্পত্তির সঙ্গে অবশ্যই যুক্ত করতে হবে। ইএমডি জমার শেষ তারিখ ও সময়ের আগে যে বিডার অনলাইনে প্রয়োজনীয় ইএমডি যুক্ত করবেন না, তাঁকে ই-নিলামে অংশ নিতে দেওয়া হবে না। বায়না জমার ওপর কোনও সুদ দেওয়া হবে না।
৪. ই-নিলামের প্ল্যাটফর্ম (**https://baanknet.com**) দেবে ই-অকশন সার্ভিস প্রোভাইডার **মেসার্স পিএসবি অ্যালায়েন্স,** রেজিস্টার্ড অফিসের ঠিকানা: ইউনিট ১, থার্ড ফ্লোর, ভিআইওএস কমার্শিয়াল টাওয়ার, ওয়াডালা ট্রাক টার্মিনালের কাছে, ওয়াডালা ইস্ট, মুম্বই-৪০০০৩৭ **(যোগাযোগের ফোন নম্বর ও টোল ফ্রি নম্বর: +৯১-৮২৯১২২০২২০, ই-মেল আইডি: support.BAANKNET@psballiance.com)। ই-অকশন সার্ভিস প্রোভাইডারের https://baanknet.com** ওয়েবসাইটের মাধ্যমে আগ্রহী বিডারগণ/ক্রেতাগণ ই-নিলাম প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন। ই-নিলামের প্রশিক্ষণ/প্রদর্শন এই পোর্টালেই এই সার্ভিস প্রোভাইডার দেবে।
৫. বিক্রির সাধারণ শর্ত ও নিয়মাবলি সংবলিত বিক্রয় বিজ্ঞপ্তি নিম্নলিখিত ওয়েবসাইট/ওয়েব পেজ পোর্টালে দেওয়া আছে: **(১) https://baanknet.com; (২) www.pnbindia.in।**
৬. ই-নিলামে অংশ নিতে আগ্রহীরা বিক্রয় বিজ্ঞপ্তির কপি, ই-নিলামের শর্ত ও নিয়মাবলি, এই ই-নিলামের অপারেশনাল পার্টের হেল্প ম্যানুয়াল ইত্যাদি নথিগুলি **https://baanknet.com** পোর্টাল থেকে বিনামূল্যে ডাউনলোড করে নিতে পারেন।
৭. বিডিংয়ের সময় বিডারের গ্লোবাল ওয়ালেটে যথেষ্ট ব্যালান্স (ইএমডি অর্থাঙ্কের সমান বা বেশি) থাকতেই হবে।
৮. ই-নিলামের সময় বিডাররা আপসমূলক বিডিংয়ে ওপরে সংশ্লিষ্ট ক্রমের পাশে উল্লিখিত সর্বশেষ বিড অর্থাঙ্ক অপেক্ষা বেশি মূল্যের বিড দিতে অনুমতি পাবেন এবং সর্বশেষ সর্বাধিক বিডারের পেশ করা দরের ওপর উপরিলিখিত বিড বিবর্ধন অর্থাঙ্কের গুণিতকে পরবর্তী উচ্চতর বিড পেশ করতে হবে। পরবর্তী উচ্চতর বিড দাখিলের জন্য দশ মিনিট সময় বরাদ্দ হবে এবং সর্বাধিক বিড জমা পড়ার পরবর্তী দশ মিনিটের মধ্যে আর কোনও উচ্চতর বিড জমা না পড়লে ই-নিলাম বন্ধ হয়ে যাবে।
৯. এই বিক্রয় বিজ্ঞপ্তি, ই-নিলামের শর্ত ও নিয়মাবলি, ই-নিলামের অপারেশনাল পার্ট ভাল করে পড়ে নেওয়ার দায়িত্ব আগ্রহী বিডার(গণ)-এর এবং তাঁদের এগুলি কঠোরভাবে মেনে চলতে বলা হচ্ছে।
১০. ই-নিলাম চলাকালীন কোনও সহায়তার দরকার হলে কিংবা কোনও সমস্যায় পড়লে আমাদের ই-অকশন সার্ভিস প্রোভাইডার **মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ**-এর অনুমোদিত প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করা যেতে পারে, যার বিশদ তথ্যাবলি BAANKNET পোর্টালে **(https://baanknet.com)** দেওয়া আছে।
১১. অনুমোদিত আধিকারিক দ্বারা ই-নিলাম চূড়ান্ত হওয়ার পর কেবলমাত্র সফল বিডারকে উপরিলিখিত আমাদের ই-অকশন সার্ভিস প্রোভাইডার দ্বারা এসএমএস/ই-মেলের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে (সার্ভিস প্রোভাইডারের কাছে সংশ্লিষ্ট বিডারের তরফে দেওয়া রেজিস্টার্ড মোবাইল নম্বর/ই-মেল ঠিকানায়)।
১২. নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে না।
১৩. সফল বিডারকে ইতিমধ্যে জমাকৃত ইএমডি অর্থাঙ্ক সমন্বয় করে বিড অর্থাঙ্কের ২৫% (পঁচিশ শতাংশ) একই দিনে অথবা পরবর্তী কাজের দিনের মধ্যে এবং বাকি অর্থাঙ্ক নিলামের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে **'The Authorised Officer, Punjab National Bank, A/c (অ্যাকাউন্টের নাম)'**-এর অনুকূলে কোনও তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে .......-তে প্রদেয় (স্থানের নাম লিখতে হবে) ব্যাঙ্কারস চেক/ ডিমান্ড ড্রাফ্টরূপে জমা দিতে হবে। ওপরে নির্ধারিত মেয়াদের মধ্যে এই অর্থাঙ্ক জমা দিতে ব্যর্থ হলে, সফল বিডার দ্বারা জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক এই ব্যাঙ্ক বাজেয়াপ্ত করবে এবং এই সম্পত্তি পুনরায় নিলাম/বিক্রি করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে এবং এমন ক্ষেত্রে খেলাপকারী ক্রেতা ওই সম্পত্তি কিংবা সম্পত্তির বিক্রয়মূল্যের ওপর কোনও দাবি জানাতে পারবেন না।
১৪. সফল বিডার দ্বারা এই ব্যাঙ্ককে প্রদেয় বিক্রয়মূল্য ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১-এর ১৯৪-১এ ধারাধীনে টিডিএস সাপেক্ষ হবে এবং বিড অর্থাঙ্কের বাকি ৭৫% বা পুরো জমারাশি আদায় দেওয়ার সময় সফল ক্রেতাকে টিডিএস বাবদ অর্থাঙ্ক জমা দিতে হবে।
১৫. অনুমোদিত আধিকারিক সর্বাধিক বিড এবং/বা যে কোনও বিড গ্রহণে বাধ্য নন এবং কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত বিড বাতিল করা, এমনকি এই বিক্রির শর্তাবলি বদলানো, সংশোধন, বাতিল করার অধিকার সম্পূর্ণত বহাল রাখেন।
১৬. পুরো অর্থাঙ্ক বুঝে পাওয়ার পর উক্ত অ্যাক্টের সংস্থান অনুযায়ী সফল বিডারের অনুকূলে বিক্রয় সার্টিফিকেট ইস্যু করা হবে।
১৭. **'যেখানে যেমন আছে', 'যেভাবে আছে', 'যা কিছু আছে'** ভিত্তিতে সম্পত্তিগুলি বিক্রি হবে।
১৮. ওপরের তফসিলে বর্ণিত সম্পত্তির বিবরণ অনুমোদিত আধিকারিক/ এই ব্যাঙ্কের সর্বশেষ জ্ঞান ও তথ্যানুসারের ভিত্তিতে উল্লিখিত। ঘোষণাপত্রে কোনও ভুল, অনুল্লেখ বা ত্রুটির জন্য অনুমোদিত আধিকারিক/ এই ব্যাঙ্ক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবে না।
১৯. নিজেদের বিড জমা দেওয়ার আগে নিলামে তোলা পরিসম্পদ ও তার স্পেসিফিকেশন খতিয়ে দেখে নিঃসন্দেহ হয়ে নেওয়ার দায়িত্ব বিডারদের ওপরই বর্তাবে। প্রদত্ত তথ্যাবলি অনুযায়ী সম্পত্তি পরিদর্শনের জন্য বিডাররা ডিলিং অফিশিয়ালের সঙ্গে যোগাযোগ করতে পারেন।
২০. রেজিস্ট্রেশন চার্জ, স্ট্যাম্প ডিউটি, কর ইত্যাদি সমেত যাবতীয় বিধিবদ্ধ বকেয়া/ অ্যাটেন্ড্যান্ট চার্জ/ অন্যান্য বকেয়া ক্রেতাকেই বহন করতে হবে।
২১. সরকার বা অন্য কোনও পক্ষের কাছে নিলাম হতে চলা সম্পত্তির ওপর ব্যাঙ্ক অবগত নয় এমন যে কোনও প্রকারের চার্জ, লিয়েন, দায় বা অন্য কোনও বকেয়ার জন্য অনুমোদিত আধিকারিক বা এই ব্যাঙ্ক দায়ী থাকবে না। সম্পত্তি সংক্রান্ত বিধিবদ্ধ দায়, বকেয়া সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি সম্পর্কে স্বাধীনভাবে নিজস্ব অনুসন্ধান করে জেনে নেওয়ার জন্য আগ্রহী দরদাতাদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে।
২২. যথাযথ ইন্টারনেট সংযোগ, পাওয়ার ব্যাক আপ ইত্যাদির মতো ব্যাপারগুলি বিডারদের নিজেদেরই নিশ্চিত করে নিতে হবে। ইন্টারনেট ফেলিওর, পাওয়ার ফেলিওর বা টেকনিক্যাল কোনও কারণ বা ই-নিলামকে প্রভাবিত করতে পারে এমন কোনও কারণ/পরিস্থিতির জন্য এই ব্যাঙ্ক দায়ী থাকবে না।
২৩. প্রতিনিধি নিয়োগ করা এবং নিজেদের তরফে নিলামে অংশ নেওয়ার অধিকার এই ব্যাঙ্কের থাকবে।
২৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহ করে **https://baanknet.com** এবং **www.pnbindia.in** ওয়েবসাইট দেখুন।

**তারিখ: ২৬.০৪.২০২৬**
**স্থান: পশ্চিম মেদিনীপুর**

**স্বাঃ- মহঃ ওয়েইজ আনসারি, অনুমোদিত আধিকারিক**
**পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক**